



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
গলাচিপা, পটুয়াখালী
www.acl.galachipa.patuakhali.gov.bd



স্মারক নম্বরঃ ০৫.১০.৭৮৫৭.০০১.০১.০১১.২৩-

তারিখ : ২৪ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ
০৭ মে ২০২৩ খ্রিস্টাব্দ

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা গলাচিপা উপজেলার সম্মানিত ভূমি মালিকগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, যাদের ভূমি উন্নয়ন কর বা জমির খাজনা বকেয়া রয়েছে তাদেরকে হালসন পর্যন্ত ভূমি উন্নয়ন কর পরিশোধ করার জন্য অনুরোধ করা হলো। যে সকল ভূমি মালিকগণ ৩ (তিন) বছর বা তার অধিককাল যাবত ভূমি উন্নয়ন কর বা খাজনা পরিশোধ করেননি তাদেরকে অতিসত্ত্বর অনলাইনে হালসন পর্যন্ত ভূমি উন্নয়ন কর বা খাজনা পরিশোধ করার কথা বলা হলো (কোন কারণে অনলাইনে খাজনা পরিশোধ পদ্ধতি বোধগম্য না হলে স্ব স্ব ইউনিয়ন ভূমি অফিস হতে পরামর্শ গ্রহণ করা যাবে)। অন্যথায় সরকারি দাবি আদায়ের স্বার্থে ০১-০৩ বছরের অনাদায়ী বকেয়া ভূমি উন্নয়ন কর আদায়ের জন্য সরকারি দাবি আদায় আইন, ১৯১৩ এর বিধান মোতাবেক ভূমির মালিকদের বিরুদ্ধে রেন্ট সার্টিফিকেট মামলা দায়ের করা হবে এবং যে সকল ভূমি মালিকের ০৩ (তিন) বছরের উর্দে ভূমি উন্নয়ন কর বকেয়া রয়েছে তাদের সম্পত্তি রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০ এর ৯২ ধারা মোতাবেক ভূমি খাসকরণসহ অন্যান্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

জনস্বার্থে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

মো. মহিউদ্দিন আল হেলাল
উপজেলা নির্বাহী অফিসার

ও

সহকারী কমিশনার ভূমি(অ.দা.)
গলাচিপা, পটুয়াখালী।
ফোন-০৪৪২৪-৫৬২০১
unogalachipa@mopa.gov.bd

সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), পটুয়াখালী।
- ২। রেভিনিউ ডেপুটি কালেক্টর, পটুয়াখালী।
- ৩। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, পটুয়াখালী। (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৪। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা/ ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তা.....
(গণবিজ্ঞপ্তি ব্যাপক প্রচারের নির্দেশনা দেয়া হলো)।
- ৪। অফিস কপি।

মো. মহিউদ্দিন আল হেলাল
উপজেলা নির্বাহী অফিসার

ও

সহকারী কমিশনার ভূমি(অ.দা.)
গলাচিপা, পটুয়াখালী।
ফোন-০৪৪২৪-৫৬২০১
unogalachipa@mopa.gov.bd